

যদি রিজ বেঁচে থাকতো?

যদি এমন হতো.....

যদি রিজ আজকে বেঁচে থাকতো,,

হয়তো রিজ আর প্রিয়াঙ্কার সুখী সংসার হতো,

যদি এমন হতো.....

কত ভালো হত!

রোজার ইফতার সেরে হয়তো

দুজনে ঈদ-আর পূজোর বাজার একসাথে করতো।

যদি এমন হতো.....

তাহলে হয়তো রিজ-প্রিয়াঙ্কার জন্য

সালোয়ার আর শাড়ী পছন্দ করতো

আর প্রিয়াঙ্কা, রিজের জন্য পাঞ্জাবী আর শেরোয়ানী পছন্দ করতো।

যদি এমন হতো.....

ঈদের চাঁদ দেখে দু-জনে সারারাত জাগতো

ওদের প্রেমের খুসবু তে চারিদিক সুগন্ধে ভরে উঠত।

যদি এমন হতো.....

তাহলে হয়তো শেরোয়ানী পরে রিজ ঈদের নামাজ পরতে যেত

আর প্রিয়াঙ্কা একটা সবুজ সালোয়ার পরে মাথায় ওড়না দিয়ে

রিজের জন্য সামাই রান্না করে খাওয়াতো।

যদি এমন হতো.....

তাহলে হয়তো ঈদের দিন বিকালে দুজনে বেড়াতে যেত

সিরাজ,জিশান কিংবা আরসালানে ডিনার সারতো।

যদি এমন হতো.....

তাহলে হয়তো পূজোর দিন গুলোয় দুজনে হাতে হাত ধরে

সারারাত ধরে প্যান্ডেলে প্যান্ডেলে ঘুরে ঠাকুর দেখত

আর ফুচকা খেত।।

যদি এমন হতো.....

যারা রিজ কে বাঁচতে দেয়নি তারা হয়তো ঈর্ষা যেত

আর ওদের ভালোবাসার অহংকারে,টাকার দস্ত চাপা পরে যেত।।।

যদি রিজ বেঁচে থাকতো.....।

যদি এমন হত কতো ভালো হত.....।।।।।।।

মীর গোলাম সাবীর আলী

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭

২৬/০৯/০৯